

## বৌদ্ধ দর্শনে চারটি আৰ্যসত্য (Four Noble Truths)

বৌদ্ধ ধর্মের মূলভিত্তি হলো চার আৰ্যসত্য। গৌতম বুদ্ধ মানবজীবনের দুঃখ ও তার থেকে মুক্তির পথ বিশ্লেষণ করে এই সত্যসমূহ প্রচার করেন। এগুলো শুধু ধর্মীয় উপদেশ নয়, বরং মানবজীবনের বাস্তব সমস্যার দার্শনিক ব্যাখ্যা ও সমাধান নির্দেশ করে। প্রতিটি সত্য মানবজীবনের একেকটি দিককে স্পষ্ট করে তুলে ধরে।

### 1. দুঃখ-আৰ্যসত্য (The Truth of Suffering)

বুদ্ধের মতে, জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানবজীবনে দুঃখ অনিবার্য। জন্ম, জরা, ব্যাধি, মৃত্যু—সবই দুঃখের উৎস। শুধু শারীরিক নয়, মানসিক দুঃখও মানবজীবনের অংশ—বিচ্ছেদ, অপূর্ণ ইচ্ছা, লাভ-ক্ষতি, সুখ-দুঃখ ইত্যাদি। বুদ্ধ বলেন, জীবনের প্রকৃতি অনিত্য; আর অনিত্যতার কারণেই দুঃখ সৃষ্টি হয়। এই সত্যের মাধ্যমে মানবজীবনে দুঃখকে স্বীকার করার শিক্ষাই প্রধান।

### 2. দুঃখ সমুদয়-আৰ্যসত্য (The Truth of the Cause of Suffering)

মানবদুঃখের মূল কারণ হলো তৃষ্ণা বা আসক্তি। ইন্দ্রিয়সুখ, ভৌতিক সম্পদ, ক্ষমতা বা সম্পর্কের প্রতি অতিরিক্ত আকাঙ্ক্ষা মানুষকে দুঃখের বন্ধনে আবদ্ধ করে। অজ্ঞতা (অবিদ্যা) এই তৃষ্ণাকে আরও বাড়ায়। ফলে মানুষ ভুল সিদ্ধান্ত নেয় এবং দুঃখ চক্র (সংসার চক্র) ক্রমাগত চলতে থাকে।

### 3. দুঃখনিরোধ-আৰ্যসত্য (The Truth of the End of Suffering)

বুদ্ধ ঘোষণা করেন, দুঃখ থেকে মুক্তি সম্ভব। যখন মানুষ তৃষ্ণা, আসক্তি ও অজ্ঞতাকে দূর করতে পারে, তখন নির্বাণ লাভ হয়। নির্বাণ মানে দুঃখের সম্পূর্ণ বিনাশ, মন-প্রজ্ঞার পূর্ণ স্বাধীনতা এবং মানসিক প্রশান্তি। এটা কোনো স্বর্গীয় স্থান নয়; বরং মানসিক ও আধ্যাত্মিক মুক্তির অবস্থা।

### 4. দুঃখনিরোধ মার্গ- অষ্টাঙ্গিক মার্গ (The Path Leading to End of Suffering)

দুঃখের নিবৃত্তি লাভের পথ হলো অষ্টাঙ্গিক মার্গ। এটি নৈতিকতা, মানসিক শৃঙ্খলা এবং প্রজ্ঞার সমন্বিত পথ। এগুলো হলো —

১) সম্যক দর্শন

২) সম্যক সংকল্প

৩) সম্যক বাক

৪) সম্যক কর্ম

৫) সম্যক আজীবিকা

৬) সম্যক ব্যায়াম

৭) সম্যক স্মৃতি

৮) সম্যক সমাধি

এই পথ অনুসরণ করে মানুষ দুঃখমুক্ত জীবনের দিকে এগোতে পারে।

**উপসংহার:** চার আর্যসত্য মানবজীবনের দুঃখের বাস্তবতা, তার উৎপত্তি এবং মুক্তির বৈজ্ঞানিক ও দার্শনিক ব্যাখ্যা প্রদান করে। এগুলো অনুসরণ করলে ব্যক্তি নৈতিক, মানসিক ও আধ্যাত্মিকভাবে উন্নত হতে পারে। তাই বৌদ্ধ দর্শনে চার আর্যসত্যকে সর্বাধিক মৌলিক ও ভিত্তিরূপ শিক্ষা হিসেবে বিবেচনা করা হয়।